গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর
বাংলাদেশ, ঢাকা
www.dshe.gov.bd

স্মারক: মাউশি/পরি/সেসিপ/একাডেমিক সুপারভিশন/০৫/১৫/ ২৯১ তারিখ: ০৭/০৯/২০১৯ খ্রি.

**বিষয়: মাসিক একাডেমিক সুপারভিশনকৃত বিদ্যালয়সমূহের তথ্য প্রেরণ সংক্রান্ত**

সূত্র: মাউশি/পরি/সেসিপ/একাডেমিক সুপারভিশন/০৫/১৫/২৭৬; তারিখ: ২৩.১১.২০১৭ খ্রি:

উপর্যুক্ত বিষয় ও সুত্রের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, একাডেমিক সুপারভিশন কার্যক্রমকে অধিকতর কার্যকর করে তোলার জন্য নিবিড় পর্যবেক্ষণ প্রয়োজন। একাডেমিক সুপারভিশন একটি দায়িত্বপূর্ণ নিয়মিত কার্যক্রম। এ কার্যক্রম নিবিড় পর্যবেক্ষণের নিমিত্তে নির্দেশনা মোতাবেক সুপারভিশনকৃত বিদ্যালয়সমূহের নিয়মিত তথ্য প্রেরণ আবশ্যক। সুত্রোক্ত পত্রে গত ২৩/১১/২০১৭ তারিখে জেলা শিক্ষা অফিস হতে প্রেরিত মাসিক একাডেমিক সুপারভিশন প্রতিবেদনের সাথে সুপারভিশনকৃত বিদ্যালয়সমূহের তথ্য সংযুক্ত ছক মোতাবেক প্রেরণ করার নির্দেশনা প্রদান করা হয়। উল্লেখ্য, ময়মনসিংহ ও সিলেট অঞ্চলের জেলাসমূহ হতে চাহিত ছক মোতাবেক সুপারভিশনকৃত বিদ্যালয়সমূহের পূর্ণাঙ্গ তথ্য নিয়মিতভাবে এবং বরিশাল, ঢাকা ও চট্রগ্রাম অঞ্চলের জেলাসমূহ হতে অসম্পূর্ণ তথ্য অনিয়মিতভাবে পাওয়া যায়। কিন্তু রংপুর, রাজশাহী, খুলনা ও কুমিল্লা অঞ্চলের সংশ্লিষ্ট জেলাসমূহ হতে এতদসংক্রান্ত কোন তথ্য অদ্যাবধি পাওয়া যায়নি।

০২। এ প্রেক্ষিতে, জেলা শিক্ষা কর্মকর্তার কার্যালয় মাসিক একাডেমিক সুপারভিশন প্রতিবেদনের সাথে সুপারভিশনকৃত বিদ্যালয়সমূহের তথ্য সংযুক্ত ছক মোতাবেক আঞ্চলিক কার্যালয়ে প্রেরণ করবে এবং আঞ্চলিক কার্যালয় প্রাপ্ত তথ্য যাচাই করে সংযুক্ত ছকসহ একাডেমিক সুপারভিশন প্রতিবেদন একিইউএ ইউনিটে প্রেরণ করার জন্য নির্দেশক্রমে পূণরায় অনুরোধ করা হল।

সংযুক্তি: বর্ণনা মোতাবেক (০১ পাতা)

(মোঃ নুরুল ইসলাম চৌধুরী)
উপপরিচালক
অ্যাকসেস এন্ড কোয়ালিটি অ্যাসিওরেন্স ইউনিট
(পরি: ও উন্ন:)
মাধ্যমিক উচ্চ শিক্ষা অধিদপ্তর
ফোন:৯৫৭৩৮৪২

বিতরণ:
পরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা (সকল অঞ্চল)
জেলা শিক্ষা কর্মকর্তা (সকল)

**সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে** (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

১। যুগ্ম প্রোগ্রাম পরিচালক (সেসিপ), শিক্ষা ভবন, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর বাংলাদেশ, ঢাকা
২। পরিচালক (কলেজ ও প্রশাসন), মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর বাংলাদেশ, ঢাকা
৩। পরিচালক (মাধ্যমিক), মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর বাংলাদেশ, ঢাকা
৪। পরিচালক (মনিটরিং এন্ড ইভাল্যুয়েশন),মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর বাংলাদেশ, ঢাকা
৫। সিস্টেম এনালিস্ট, ইএমআইএস সেল, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর বাংলাদেশ, ঢাকা (পত্রটি ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)
৬।সংরক্ষণ নথি।

একাডেমিক সুপারভিশনকৃত বিদ্যালয়ের তথ্য ছক :

মাসের নাম -

জেলার নাম -

| ক্রমিক নং | উপজেলা / থানার নাম | পরিদর্শনকারী কর্মকর্তার নাম ও পদবী | কর্মকর্তার মোবাইল নম্বর | একাডেমিক সুপারভিশনকৃত বিদ্যালয়ের নাম | বিদ্যালয়ের প্রধান শিক্ষকের নাম | প্রধান শিক্ষকের মোবাইল নম্বর |
|---|---|---|---|---|---|---|
| | | | | | | |
| | | | | | | |
| | | | | | | |
| | | | | | | |
| | | | | | | |

জেলা শিক্ষা কর্মকর্তার স্বাক্ষর